

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬৫২

১৬/ দণ্ডবিধি

পরিচ্ছেদঃ ব্যভিচার

আরবী

## বাংলা

(১৬৫২) সামুরাহ ইবনে জুনদুব (রাঃ) হতে বর্ণিত, নিবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক স্বপ্নের বর্ণনায় বলেন, '—সুতরাং আমরা চলতে লাগলাম এবং (তন্দুর) চুলার মত একটি গর্তের কাছে পৌঁছলাম। সেখানে শোরগোল ও নানা শব্দ ছিল। আমরা তাতে উঁকি মেরে দেখলাম, তাতে বেশ কিছু উলঙ্গ নারী-পুরুষ রয়েছে। আর নীচ থেকে নির্গত আগুনের লেলিহান শিখা তাদেরকে স্পর্শ করছে। যখনই লেলিহান শিখা তাদেরকে স্পর্শ করছে, তখনই তারা উচ্চরবে চিৎকার ক'রে উঠছে। আমি বললাম, 'এরা কারা?' ফিরিশতারা আমাকে বললেন, 'চলুন, চলুন।' অতঃপর তাঁরা বললেন, 'যে সকল উলঙ্গ নারী-পুরুষ যারা (তন্দুর) চুলা সদৃশ গর্তের অভ্যন্তরে রয়েছে, তারা হল ব্যভিচারী-ব্যভিচারিণীর দল।

## ফুটনোট

(বুখারী ১৩৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন